**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 25-07-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গ্রামীণ এলাকাগুলিকে মাদকাশক্তির প্রভাব থেকে মুক্ত রাখার আহ্বান জানিয়েছেন।**

**(২) কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান পদত্যাগ করেছেন।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সঙ্গে মত বিনিময় করবেন।**

**(৪) আগামীকাল 'কার্গিল বিজয় দিবস'। এই উপলক্ষে লাদাখের দ্রাসে আজ থেকে দুদিনব্যাপী স্মারক অনুষ্ঠানের সূচনা হয়েছে।**

**(৫) কমনওয়েলথ গেমসে ভারতের প্রথম পদক জয়।**

****************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গ্রামীণ এলাকাগুলিকে মাদকাশক্তির প্রভাব থেকে মুক্ত রাখার জন্য আহ্বান জানিয়েছেন। আজ ধর্মনগরের যুবরাজনগর ব্লকে কৃষকদের সঙ্গে মত বিনিময়কালে তিনি এই আহ্বান জানান। রাজ্যপাল আজ এই ব্লকে উপ্তাখালি এসবি স্কুল, এগ্রোট্যাক মর্ডান রাইস মিল, পাম অয়েল গাছের বাগান, একটি শূকর পালন কেন্দ্র পরিদর্শন করেন। তিনি ধর্মনগরের পুরনো জেল প্রাঙ্গনে জেল ক্যাফে পরিদর্শন করেন। উপ্তাখালি এসবি স্কুলে রাজ্যপাল ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকা এবং এলাকাবাসীদের সঙ্গে আলোচনা করে পঠন-পাঠনের বিষয়ে খোঁজ খবর নেন।

এরপর রাজ্যপাল শ্রীপুর গ্রামপঞ্চায়েতে অবস্থিত এগ্রোট্যাক মর্ডান রাইস মিল পরিদর্শন করেন। তিনি একটি পাম অয়েল গাছের বাগানও পরিদর্শন

করেন। রাজ্যপালের সঙ্গে ছিলেন বিধায়ক জহর চক্রবর্তী, যাদব লাল নাথ, উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা নাথ, যুবরাজনগর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন অপর্ণা সিংহ দেবনাথ, উত্তর জেলার জেলাশাসক চাঁদনি চন্দ্রন, এস পি অবিনাশ রাই।

***************************

**CM-Hospital :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানিয়েছেন, হোমিওপ্যাথি মেডিক্যাল প্রতিষ্ঠানের সরকারি নাম হবে আগরতলা সরকারি হোমিওপ্যাথি মেডিক্যাল কলেজ এবং নেতাজি সুভাষচন্দ্র বসু হোমিওপ্যাথি হাসপাতাল। আজ আগরতলায় প্রদেশ বিজেপি কার্যালয়ে এক অনুষ্ঠানের পর তিনি সাংবাদিকদের একথা জানান।

***************************

**Resign :**

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান পদত্যাগ করেছেন এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কাছে আজ তাঁর পদত্যাগপত্র জমা দিয়েছেন। সামাজিক মাধ্যমে শ্রী প্রধান জানান, গত দশ দিন ধরে চলা শিক্ষার্থীদের বিক্ষোভের জেরে উদ্ভূত পরিস্থিতিতে তিনি গভীরভাবে ব্যথিত। তিনি বলেন, এটি তাঁর কাছে কোনো ব্যক্তিগত সম্মানের বিষয় নয়। নতুন দিল্লির যন্তর মন্তর ও সারা দেশে চলমান পরিস্থিতি বিবেচনা করে তিনি পদত্যাগপত্র জমা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। এর উদ্দেশ্য, দেশবিরোধী শক্তি যাতে এই পরিস্থিতিকে কাজে লাগাতে না পারে তা নিশ্চিত করা এবং কোনো শিক্ষার্থীর ভবিষ্যৎ যাতে আইনি জটিলতায় না জড়িয়ে পড়ে, তা দেখা। তিনি প্রধানমন্ত্রীর নির্দেশনা, আস্থা ও নিরন্তর সমর্থনের জন্য তাঁর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বলেন, দেশের সেবা করাই তাঁর জীবনের সর্বোচ্চ অগ্রাধিকার।

***************************

**Kiren Rijiju :**

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের পদত্যাগের পর, কেন্দ্রীয় সংসদীয় বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু বলেছেন, শ্রী প্রধানের দীর্ঘ এক দশকের কর্মযাত্রা জনজীবন ও ছাত্রকল্যাণের প্রতি তাঁর আজীবন নিষ্ঠারই প্রমাণ। শ্রী রিজিজু তাঁর নিবেদিতপ্রাণ সেবা, সংস্কারের প্রতি অঙ্গীকার এবং একটি শক্তিশালী ভারত গঠনে অবদানের জন্য শ্রী প্রধানকে ধন্যবাদ জানান। ভারতের শিক্ষা ব্যবস্থাকে শক্তিশালী করা এবং প্রতিটি সিদ্ধান্তের কেন্দ্রে লক্ষ লক্ষ শিক্ষার্থীকে অগ্রাধিকার দেওয়ার ক্ষেত্রে শ্রী প্রধানের আন্তরিক প্রচেষ্টারও তিনি প্রশংসা করেন।

***************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সঙ্গে মত বিনিময় করবেন। এটি হল মন-কি-বাত অনুষ্ঠানের ১৩৬তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে।

***************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলায় প্রদেশ বিজেপি কার্যালয়ে সন্ত শিরোমণি শ্রী গুরু রবিদাস মহারাজের ৬৫০তম জন্মজয়ন্তী উপলক্ষে 'সম্প্রীতি সংকল্প অভিযান'-এর সূচনা করেন। মুখ্যমন্ত্রী বলেন, সন্ত শিরোমণি শ্রী গুরু রবিদাস মহারাজ মানবতা, সাম্য, ভ্রাতৃত্ববোধ ও

সামাজিক সম্প্রীতির এক অনন্য দৃষ্টান্ত স্থাপন করে গেছেন। তাঁর জীবন ও আদর্শ আজও সমাজকে সঠিক পথে পরিচালিত করার ক্ষেত্রে সমানভাবে প্রাসঙ্গিক। তিনি গুরু রবিদাসের আদর্শে অনুপ্রাণিত হয়ে সমাজে সম্প্রীতি, সমতা ও মানবিক মূল্যবোধ প্রতিষ্ঠার উপর গুরুত্ব আরোপ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উচ্চশিক্ষামন্ত্রী কিশোর বর্মণ, প্রদেশ বিজেপি সভাপতি অভিষেক দেবরায়, বিধায়ক ভগবান চন্দ্র দাস প্রমুখ।

**************************

**CPI(M)–Jitendra Chowdhury :**

CPI(M) রাজ্য কমিটির দুদিনব্যাপী বৈঠক আজ আগরতলায় শেষ হয়েছে। বৈঠক শেষে সি.পি.আই(এম) রাজ্য কমিটির সম্পাদক জীতেন্দ্র চৌধুরী সাংবাদিক সম্মেলনে জানান, বৈঠকে রাজ্যের বর্তমান রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক অবস্থা নিয়ে আলোচনা হয়। তিনি রাজ্য পুলিশের ডিজি অনুরাগের মৃত্যুর ঘটনা হাইকোর্টের একজন বিচারপতিকে দিয়ে তদন্ত করার দাবিটি পুনরায় উত্থাপন করেন। তিনি অভিযোগ করেন, কেন্দ্রীয় সরকারের নীতির কারণে, সারা দেশে কৃষক ক্ষেতমজুর শ্রমিকদের স্বার্থ বিঘ্নিত হচ্ছে। আগামী ১০ই আগস্ট দেশব্যাপী জেল ভরো আন্দোলনে সি.পি.আই(এম) অংশ নেবে বলে তিনি জানান। রাজ্যের বিভিন্ন স্থানে রাস্তাঘাটের বেহাল অবস্থা নিয়ে তিনি ক্ষোভ প্রকাশ করেন। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন প্রাক্তন সাংসদ শংকর প্রসাদ দত্ত, প্রাক্তন বিধায়ক সুধন দাস।

**************************

**Train Services :**

লামডিং–বদরপুর সেকশনের নিউ হারাঙ্গাজাও স্টেশনের কাছে রেললাইনের নীচের মাটি বসে যাওয়ায় আগরতলা থেকে দূরপাল্লার ট্রেন চলাচলের উপর প্রভাব পড়েছে। উত্তর পূর্ব রেলের মুখ্য জন সংযোগ আধিকারিক কপিঞ্জল কিশোর শর্মা আজ জানিয়েছেন, যাত্রীদের নিরাপত্তার স্বার্থে আপাতত রেললাইনের ওই অংশে আজ ও আগামীকাল রাত ৭টা থেকে ভোর ৫টা

পর্যন্ত সমস্ত যাত্রীবাহী ট্রেন চলাচল স্থগিত রাখা হয়েছে। এই কারণে আগরতলা থেকে এবং বহির্রাজ্য থেকে আগরতলাগামী বেশ কয়েকটি ট্রেনের সময়সূচিতে পরিবর্তন করা হয়েছে। আজ ও আগামীকাল ১৫৬৫০ নারেঙ্গি–আগরতলা এক্সপ্রেস নারেঙ্গি থেকে আগরতলার উদ্দেশ্যে ছাড়বে রাত ১০টা ৩০ মিনিটে। ১৫৬৪৯ আগরতলা–নারেঙ্গি এক্সপ্রেস রাত ১১টায় আগরতলা থেকে রওনা হবে। ১৫৬২৬ আগরতলা–দেওঘর এক্সপ্রেস আজ রাত ১১টা ৩০ মিনিটে আগরতলা থেকে রওনা হবে। ০১৬৬৬ আগরতলা–রানি কমলাপতি বিশেষ ট্রেন আগামীকাল রাত ১১টা ৩০ মিনিটে যাত্রা শুরু করবে।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**Kargil :**

আগামীকাল 'কার্গিল বিজয় দিবস'। এই উপলক্ষে লাদাখের দ্রাসে আজ থেকে দুদিনব্যাপী স্মারক অনুষ্ঠানের সূচনা হয়েছে। পাকিস্তানের বিরুদ্ধে ভারতের বিজয়কে স্মরণীয় করে রাখতে প্রতি বছর ২৬শে জুলাই 'কার্গিল বিজয়

দিবস' পালন করা হয়। আগামীকাল প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং কার্গিল বিজয় দিবসের মূল স্মারক অনুষ্ঠানে অংশ নেবেন।

'কার্গিল বিজয় দিবস'-এর ২৭তম বর্ষপূর্তি উপলক্ষে লাদাখের দ্রাসে আজ দুদিনব্যাপী স্মারক অনুষ্ঠানের সূচনা হয়েছে। সেখানে 'যুদ্ধ স্মরণ' কর্মসূচির মাধ্যমে ১৯৯৯ সালের কার্গিল যুদ্ধে সর্বোচ্চ আত্মত্যাগকারী বীর শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়। এই কর্মসূচির অন্তর্ভুক্ত ছিল 'অপারেশন বিজয়'-এর ওপর নির্মিত একটি তথ্যচিত্র প্রদর্শন, বীর শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন, শহীদদের নিকটাত্মীয়দের সঙ্গে মতবিনিময় এবং যুদ্ধে অংশগ্রহণকারী প্রবীণ সৈনিকদের স্মৃতিচারণ।

***************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল বিকেল ৪টা ৩০ মিনিটে ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে ‘বিকশিত ভাইব্রেন্ট ভিলেজ প্রোগ্রাম ২০২৬’-এর অংশগ্রহণকারীদের সঙ্গে মতবিনিময় করবেন। দেশের প্রতিটি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ৪০০-রও বেশি তরুণ অংশগ্রহণকারী মতবিনিময়ে অংশ নেবেন। লাদাখ, হিমাচল প্রদেশ এবং উত্তরাখণ্ড জুড়ে ৭৪টি ‘ভাইব্রেন্ট ভিলেজ’ বা সীমান্তবর্তী গ্রামকে কেন্দ্র করে গত ৪ থেকে ৩০ জুন পর্যন্ত দুই পর্যায়ে ‘বিকশিত ভাইব্রেন্ট ভিলেজ প্রোগ্রাম ২০২৬’-এর আয়োজন করা হয়েছিল। দেশজুড়ে আয়োজিত একটি অনলাইন কুইজ প্রতিযোগিতার মাধ্যমে অংশগ্রহণকারীদের নির্বাচন করা হয়েছিল, যেখানে তিন লক্ষেরও বেশি তরুণ অংশ নেয়। ‘মাই ভারত’-এর মাধ্যমে বাস্তবায়িত এই ‘বিকশিত ভাইব্রেন্ট ভিলেজ প্রোগ্রাম’-এর পরিকল্পনা করা হয়েছে প্রধানমন্ত্রীর সেই দৃষ্টিভঙ্গিকে বাস্তবায়িত করার লক্ষ্যে-যার আওতায় ভারতের সীমান্তবর্তী গ্রামগুলোকে দেশের ‘প্রথম গ্রাম’ হিসেবে গণ্য করা হবে এবং ‘বিকশিত ভারত’ গড়ার যাত্রায় তাদের সক্রিয় অংশীদার করে তোলা হবে।

***************************

**All Tripura Blind Association :**

আজ অল ত্রিপুরা ব্লাইন্ড এসোসিয়েশনের উদ্যোগে তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় আগরতলার সুকান্ত একাডেমির প্রেক্ষাগৃহে রবীন্দ্র নজরুল জন্মজয়ন্তী উদযাপন করা হয়। অনুষ্ঠানে দৃষ্টিহীন শিক্ষার্থীদের মধ্যে বিভিন্ন সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কার বিতরণ করা হয়। উপস্থিত ছিলেন সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের বিশেষ সচিব তপন কুমার দাস, তথ্য ও সংস্কৃতি দস্তরের অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্য, সংগঠনের সাধারণ সম্পাদক মিঠুন সাহা।

***************************

**Lok Adalat :**

আজ আগরতলা ও বিলোনিয়া আদালতে বিশেষ লোক আদালত অনুষ্ঠিত হয়েছে। প্রায় ২ হাজার ৪৯৬টি মামলার নিষ্পত্তি হয়েছে। পশ্চিম জেলা আইনসেবা কর্তৃপক্ষের সচিব রামানুজ ভট্টাচার্য জানিয়েছেন, আগরতলায় লোক আদালতে ট্রাফিক চালান সংক্রান্ত তিন হাজার ও অন্যান্য মীমাংসাযোগ্য দুশোটি মামলা নিষ্পত্তির জন্য তোলা হয়। এই লোক আদালতে ১ হাজার ১২১টি মামলার নিষ্পত্তি হয়েছে। অপরদিকে, বিলোনিয়ায় দক্ষিণ জেলা আইনসেবা কমিটির উদ্যোগে আয়োজিত বিশেষ লোক আদালতে ১ হাজার ৩৭৫টি মামলার নিষ্পত্তি হয়েছে।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৬ ডিগ্রি সেলসিয়াস।

***************************

**Commonwealth Games :**

২০২৬ গ্লাসগো কমনওয়েলথ গেমসে পুরুষদের হেভিওয়েট প্যারা পাওয়ারলিফটিংয়ে ব্রোঞ্জ জিতে ভারতকে প্রথম পদক এনে দিলেন বিহারের ঝান্ডু কুমার। ১৯০ কেজি ওজন তুলে তিনি এই পদক নিশ্চিত করেন। তার এই সাফল্যকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অদম্য জেদ ও কঠোর পরিশ্রমের এক অনন্য প্রেরণা বলে প্রশংসা করেছেন।

*******************************